

## মানবাধিকার অফিসের সাইনবোর্ড ঝুলিয়ে মাদক ব্যবসা, গ্রেফতার ৫ জন

গোপন সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বগুড়া উপ-অঞ্চলের বগুড়া সদর সার্কেল পরিদর্শক জনাব মোঃ আবু বকর সিদ্দিক এর নেতৃত্বে একটি বিশেষ দল অদ্য ০৯/০৯/২০১৪ ইং তারিখ ১৬.৩০-১৭.০০ বগুড়া শহরের সাত মাথার মোড়ে নদী বাংলা কমপ্লেক্স এর তৃতীয় তলার বাংলাদেশ হোমিও সেন্টার দোকানে অভিযান পরিচালনা করে ১০৫৬ বোতল(প্রতি বোতল ৩০ মিলি লিটার) বা ৩১.৬৮০ লিটার রেপ্তিফাইড স্পিরিটসহ আসামী জনাব মোঃ হাফিজুর রহমান(৫০), পিতাঃ মৃত আব্দুল লতিফ খান, সাং-নাটাই পূর্ব পাড়া, থানা ও জেলা-বগুড়াকে হাতে নাতে গ্রেফতার করেন। প্রাথমিক জিজ্ঞাসাবাদে আসামী নিজেকে বগুড়া হিউম্যান রাইটস ফাউন্ডেশন অব বাংলাদেশ এর সভাপতি হিবেবে পরিচয় প্রদান করলে তার হেফাজত থেকে বগুড়া হিউম্যান রাইটস ফাউন্ডেশন অব বাংলাদেশ এর প্রধান কার্যালয় লিখা একটি ব্যানার ও নির্বাচন কমিশনের পর্যবেক্ষক সাংবাদিক পরিচয় পত্র উদ্ধার করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে আসামী ভূয়া সাইনবোর্ড তৈরী ও তার আড়ালে মাদক ব্যবসা করার কথা স্বীকার করে। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর সংশ্লিষ্ট ধারায় বগুড়া সদর থানায় একটি নিয়মিত মামলা রঞ্জু করা হয়েছে।



অপরদিকে একই টিম অদ্য ০৯/০৯/২০১৪ ইং তারিখ সকাল ৭.০০-৭.৩০ ঘটিকায় বগুড়া শহরের পুরাতন বগুড়া ফকির পাড়ায় অভিযান পরিচালনা করে ৯০০ গ্রাম গাঁজাসহ মোছাঃ বিলকিস বেগম(৪৩) গ্রেফতার করে বগুড়া সদর থানায় মামলা নম্বর ৩২/২০১৪, জিলাদার পাড়ায় অভিযান পরিচালনা করে ০৭(সাত)বোতল ফেপ্সিডিল সহ বিউটি বাওয়া(৫০)কে গ্রেফতার করে বগুড়া সদর থানায় মামলা নম্বর ৩৩/২০১৪, নামাজগড় ক্রস লেন এলাকায় অভিযান পরিচালনা করে ১½ বোতল ফেপ্সিডিলসহ মোঃ আসাদ(৩২) গ্রেফতার করে বগুড়া সদর থানায় অপর একটি নিয়মিত মামলা রঞ্জু করেছে।

অপরদিকে অদ্য ০৯/০৯/২০১৪ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উদ্যোগে এবং বগুড়া জেলার বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট মোছাঃ নাদিরা আখতার এর নেতৃত্বে শহরের বাদুড় তলায় মাদক বিরোধী মোবাইল কোর্ট পরিচালনা করে মাদক সেবনের অপরাধে শ্রী মঙ্গল চন্দ্র মোহন(৫৬)কে ০২(দুই) মাসের সশ্রম কারাদণ্ড প্রদান করে।